

21254 - অফিসের পরিচালককে লজ্জা করে দান করা

প্রশ্ন

আমি আমার কর্মস্থলের সরাসরি পরিচালকের ভয়ে একটি অনুদানের প্রজেক্টে দান করেছি। যদি আমাকে স্বাধীনতা দেয়া হত তাহলে আমি দান করতাম না; এমনকি ৫০ পয়সাও না। আমি কি এই আমলের জন্য পরিপূর্ণ সওয়াব পাব; যেমনিভাবে ভাল মনে ও স্বপ্রণোদিত হয়ে দান করলে পেতাম। দলিলসহ জানতে চাই।

প্রিয় উত্তর

যদি বিষয়টি এমনই হয় যেমনটি আপনি উল্লেখ করেছেন তাহলে আপনি এই অর্থটির জন্য সওয়াব পাবেন না। যেহেতু আপনি এর দ্বারা আল্লাহর সন্তুষ্টিতে উদ্দেশ্য করেননি। বরঞ্চ আপনি আপনার পরিচালকের ভয়ে তার মন যোগাতে চেয়েছেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সাব্যস্ত হয়েছে যে, তিনি বলেছেন: “আমলসমূহ নিয়ত দ্বারা মূল্যায়িত হয় এবং প্রত্যেক ব্যক্তি যা নিয়ত করে সেটাই তার প্রাপ্য।” [সহিহুল বুখারী, ওহীর সূচনা শীর্ষক অধ্যায় এবং সহিহ মুসলিম, আল-ইমারা অধ্যায়, নং ১৯০৭]